


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২৫১.২০১৯/০৮-০১/৬

তারিখ: ২২/০৫/১৪২৬বঙ্গাব্দ
১২/০৯/২০১৯খ্রিস্টাব্দ

বিষয়: সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলার জিন্দানী ডিগ্রি কলেজের জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

সূত্র: জনাব মোঃ আব্দুর রহিম, সহকারী অধ্যাপক, পদার্থবিদ্যা, জিন্দানী ডিগ্রি কলেজ, তাড়াশ, সিরাজগঞ্জ কর্তৃক
২১/০৮/২০১৯খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলাধীন জিন্দানী ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মোঃ আবু সাঈদ খোন্দকার এর বয়স এসএসসি সনদ অনুযায়ী ৬০ বছর পূর্ণ হওয়ায় ০৯/০২/২০১৮খ্রি. তারিখে অবসরে যান। বর্তমানে তিনি জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ০২ (দুই) বছর চাকুরি অনুমতি নিয়ে অদ্যাবধি অধ্যক্ষ হিসেবে কর্মরত আছেন। কলেজের উপাধ্যক্ষ ৩০/০৮/২০১৮খ্রি. তারিখ অবসরে গিয়েছেন। নিয়মিত অধ্যক্ষ উপাধ্যক্ষ না থাকায় কলেজের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে এবং ছাত্র-ছাত্রীদের পড়ালেখার ব্যাঘাত সৃষ্টি হচ্ছে বিধায় জনবল কাঠামো অনুযায়ী কলেজের জ্যেষ্ঠ শিক্ষক জনাব মোঃ আবুল কাশেম, সহকারী অধ্যাপক, হিসাব বিজ্ঞান কে অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য জনাব মোঃ আব্দুর রহিম, সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান আবেদন করেছেন।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা- ২০১৮ এর ১১.৬ ধারা অনুযায়ী “শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০ (ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠান প্রধান/সহ: প্রধান/শিক্ষক-কর্মচারীকে কোন অবস্থাতেই পুন: নিয়োগ কিংবা চুক্তি ভিত্তিক নিয়োগ দেওয়া যাবে না”। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, ০৬/০৬/২০১১খ্রি. তারিখের পরিপত্রের ৩নং অনুচ্ছেদ ও শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, ০৯/০৭/২০১২খ্রি. তারিখের ৩.১ নং অনুচ্ছেদ মোতাবেক বেসরকারি কলেজে অধ্যক্ষের শূন্য পদে উপাধ্যক্ষ অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো-২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, জনবল কাঠামো-২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে জ্যেষ্ঠতম শিক্ষককে অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.৭.১৭

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন: ৯৫৫৬০৫৭

Email:ncollege@dshe.gov.bd

সভাপতি

পরিচালনা পরিষদ

জিন্দানী ডিগ্রি কলেজ

তাড়াশ, সিরাজগঞ্জ

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জিন্দানী ডিগ্রি কলেজ, তাড়াশ, সিরাজগঞ্জ
- ২। ম্যানেজার, সোনালী ব্যাংক লি. তাড়াশ শাখা, সিরাজগঞ্জ
- ৩। সংরক্ষণ নথি।